

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২১৭৯

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ অহংকার প্রদর্শন ও গর্ববোধ করা অবৈধ

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ إِذَا قَالَ الرَّجُلُ: هَلَكَ النَّاسُ فَهُوَ أَهْلَكُهُمْ رواه مسلم

বাংলা

(২১৭৯) আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি (গর্বভরে) বলে, লোকেরা সব ধ্বংস হয়ে গেল, সে তাদের মধ্যে সর্বাধিক বেশি ধ্বংসোন্মুখ। (মুসলিম ৬৮৫০)

## ফুটনোট

প্রসিদ্ধ বর্ণনা অনুযায়ী (الْمَاكُونُ) 'কাফ' বর্ণে পেশ হবে। (যার অর্থ হবেঃ সে তাদের মধ্যে সর্বাধিক বেশি ধ্বংসোন্মুখ।) 'কাফ' বর্ণে যবর দিয়েও বর্ণনা করা হয়েছে। (যার অর্থঃ সেই তাদেরকে ধ্বংস করল।) 'সবাই উচ্ছন্নে গেল বা ধ্বংস হয়ে গেল' বলা সেই বক্তির জন্য নিষেধ, যে গর্বভরে সকলকে অবজ্ঞা করে ও নিজেকে সর্বশ্রেষ্ঠ ভেবে ঐ কথা বলে। এটাই হল হারাম। কিন্তু কোন ব্যক্তি যদি লোকদের মধ্যে দ্বীনদারীর অভাব প্রত্যক্ষ করে দ্বীনী আবেগের বশীভূত হয়ে দুঃখ প্রকাশ করার মানসে ঐ কথা মুখ থেকে বের করে, তাহলে তাতে কোন ক্ষতি নেই। উলামাগণ এরূপই ব্যাখ্যা দিয়েছেন। উক্ত ব্যাখ্যাকারী উলামাগণের মধ্যে ইমাম মালেক ইবনে আনাস, খাত্ত্বাবী, হুমাইদী (রহঃ) প্রমুখের নাম উল্লেখযোগ্য। 'আযকার' নামক গ্রন্থে তার উপর আলোকপাত রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন